



‘আশা’ পরিচালিত জরিপ

অটিজমে আক্রান্ত আপনার স্পেশাল নিড সন্তান এখন আর নিঃসঙ্গ নয়। ‘অটিজম সোসাইটি হ্যাভিলিটেশন এসোসিয়েশনের (আশা) পক্ষ থেকে আমরা আপনার পাশে রয়েছি। আমরা খুব সহজে সন্তানকে নিয়ে আপনার পথচলাকে সহজ করে তোলার জন্য প্রয়োজনীয় সহযোগিতা করতে প্রস্তুত। অনুগ্রহ নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর দিন এবং নিচের ঠিকানায় আমাদের কাছে পাঠিয়ে দিন:

ঠিকানা: আশা, ১৬৪-১৩ হিলসাইড এভিনিউ, জ্যামাইকা, নিউইয়র্ক ১১৪৩২

অথবা

ইমেইল: info@asha-ny.org বা

ফোন করুন: ৩৪৭-৮৭৩-৯৯৬২

১. আপনার সন্তান (সন্তানদের) যখন রোগ সনাক্তকরণের সময় আপনার কাছে কোন্ বিষয়টি কঠিন মনে হয়েছে?
২. আপনার পরিবার এবং/অথবা কমিউনিটির সাথে চলতে আপনি কিভাবে এই সমস্যাগুলোর মোকাবেলা করেন?
৩. আপনি কোন ধরনের সহযোগিতা পেয়ে থাকলে, তা কি? আপনি কি বর্তমানে কোন নন-প্রফিট সংগঠন বা প্রতিষ্ঠান থেকে কোন সহযোগিতা লাভ করছেন?

৪. কখন থেকে?

৫. আপনি কিভাবে আপনার সন্তান (সন্তানদের) নির্দিষ্ট ধরণের অটিজম অথবা প্রতিবন্ধীত্ব সম্পর্কে জানতে পারেন?

৬. আপনার অটিজম আক্রান্ত সন্তানের জন্য আপনার প্রয়োজনীয় তথ্য লাভের উৎস কি ছিল?

৭. প্রাপ্ত তথ্যগুলো কি আপনার জন্য সহায়ক ছিল? যদি সহায়ক না হয়ে থাকে তার কারণ কি?

৮. আপনার সন্তানের পক্ষে বলার সময় আপনি কি ধরণের সমস্যার মুখোমুখি হয়ে থাকেন?

৯. অটিষ্টিক সন্তানের সকল মা-বাবার জন্য তাদের সন্তানের দীর্ঘমেয়াদী সেবার বিষয়টি এক সার্বক্ষণিক সমস্যা। এ ব্যাপারে আপনার যদি কোন পরিকল্পনা থাকে তাহলে সেটি কি? দীর্ঘমেয়াদী সেবার ক্ষেত্রে আপনি কি ফল পেতে পারেন বলে মনে করছেন?

১০. আপনার সন্তানদের সাথে বিভিন্ন তৎপরতায় আপনি অথবা আপনার স্বামী/স্ত্রী সচরাচর কিভাবে অংশগ্রহণ করে থাকেন?

১১. এ ধরণের তৎপরতায় অংশগ্রহণ আপনার সন্তানের জন্য কি সহায়ক হয় বলে মনে হয়?

১২. এ ধরণের কাজে অংশগ্রহণের মধ্য দিয়ে তারা কি দক্ষতা বা জ্ঞান লাভ করছে? কে এই কাজগুলো করার জন্য সুপারিশ করেছেন, এবং তারা কি পেশাদার থেরাপিষ্টদের নিকট থেকে থেরাপি গ্রহণ করছে?

১৩. আপনার এবং আপনার সন্তানের জন্য কি ধরনের সেবার প্রয়োজন রয়েছে বলে আপনি মনে করেন?

১৪. আপনি কি সরকারি পর্যায়ের কর্মকর্তাদের সাথে কোন এডভোকেসি বৈঠকে অংশগ্রহণ করতে চান? এর মাধ্যমে আপনি আপনার উদ্বেগ ও সমস্যার বিষয়গুলো নির্বাচিত প্রতিনিধিদের কাছে তুলে ধরতে পারবেন এবং যে পদ্ধতিতে অটিজম সেবা দেওয়া হচ্ছে তা পরিবর্তন করার ক্ষেত্রে ভূমিকা রাখতে পারবেন।

১৫. 'আশা' অভিভাবকদের মধ্যে একটি সমন্বয় গড়ে তোলার জন্য পরিকল্পনা করছে, যেখানে আমরা একজন আরেকজনের নিকট থেকে সমস্যাগুলো জানতে পারবো, সবচেয়ে ভালো সেবার উপায় শেয়ার করতে পারবো এবং আমাদের সন্তানদের জন্য পর্যাপ্ত সেবা লাভের উপর আলেঅকপাত করতে সক্ষম হবো। এভাবে আমাদের অংশগ্রহণ অব্যাহত রাখা প্রয়োজন। আপনি কি 'আশা' সম্পর্কে অন্য অভিভাবককে জানাবেন এবং ভবিষ্যতে যে কর্মসূচিগুলো আয়োজিত হবে, সেগুলোতে অংশগ্রহণ করবেন?

১৬. বাবাদের ভূমিকা। আপনার স্বামী কি অংশগ্রহণ করেন? কিভাবে তিনি এর সাথে জড়িত? উত্তর 'হ্যাঁ' হলে সচরাচর কিভাবে?

১৭. যদি অংশগ্রহণ না করেন, তাহলে কেন করেন না? আপনার স্বামীকে অংশগ্রহণ করানোর আমাদের কি করণীয় বলে আপনি মনে করেন?

১৮. আপনি কি 'আশা' সম্পর্কে জানেন?

১৯. আপনি কি আগে কখনো কোন পারিবারিক গ্রুপের আলোচনায় অংশগ্রহণ করেছেন?